



মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ

১৫/১ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭; ফোন: 9112663
ওয়েবসাইট: www.mpsc.edu.bd | ই-মেইল: mphss08@yahoo.com

১০ জুন ২০২০

সম্মানিত অভিভাবক/অভিভাবকবৃন্দ,

আসসালামু আলাইকুম। আশা করি আল্লাহর অশেষ রহমতে আপনারা সুস্থ ও নিরাপদে রয়েছেন। গত তিন মাস থেকে আমরা বৈশ্বিক মহামারী কোভিড-19 এর কারণে চরম অনিশ্চয়তায় আতংকগ্রস্ত হয়ে দিন কাটাচ্ছি। এই পরিস্থিতিতে অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থীদের পড়াশোনার বিষয়ে আমরা দুশ্চিন্তায় রয়েছি এবং তাদের ক্ষতি যথাসম্ভব পূরণের জন্য বিভিন্ন পদক্ষেপ নিয়েছি।

গত ১৩ এপ্রিল থেকে শিক্ষার্থীদের পড়াশোনা গতিশীল করার লক্ষ্যে স্কুলের ওয়েবসাইট থেকে নির্দিষ্ট রুটিনে দশম শ্রেণি থেকে শুরু করে পর্যায়ক্রমে প্রথম থেকে দ্বাদশ শ্রেণির ক্লাসে সম্ভাব্য প্রশ্ন, নমুনা উত্তর, লেকচারশীট, বাড়ির কাজ, অ্যাসাইনমেন্ট ইত্যাদি প্রদান করা শুরু হয়। শুরুতে টেক্সটে সীমাবদ্ধ থাকলেও শিক্ষার্থীদের উৎসাহ দান এবং অধিক অংশগ্রহণের জন্য শিক্ষকগণ ফেসবুক, হোয়াটসঅ্যাপ, ইউটিউব, জুম অ্যাপ ইত্যাদিতে অডিও-ভিডিও, লাইভ এবং রেকর্ডেড ক্লাস ইত্যাদির মাধ্যমে পাঠদান আরম্ভ করেন। প্রত্যেক শ্রেণি শিক্ষক তার ক্লাসের ছাত্র ছাত্রীদের হোয়াটসঅ্যাপে গ্রুপ তৈরি করে সকল শিক্ষার্থীকে অ্যাকাডেমিক কার্যক্রমে যুক্ত করে নেন। তাদের পড়াশোনার মূল্যায়নের জন্য ৪ জুন থেকে কলেজে একাদশ শ্রেণির বার্ষিক পরীক্ষা অনলাইনে হোয়াটসঅ্যাপের মাধ্যমে সূষ্ঠু ও সুশৃঙ্খলভাবে চলছে এবং স্কুল সেকশনেও একইভাবে প্রথম-দশম শ্রেণির অর্ধবার্ষিক ও প্রাক নির্বাচনী পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। এভাবে স্কুল এবং কলেজের সকল শিক্ষার্থীকে যুক্ত করে ক্লাস ও পরীক্ষার মাধ্যমে অ্যাকাডেমিক কার্যক্রম চালানো হচ্ছে।

ইতিমধ্যে চলমান ব্যবস্থাকে আরও ফলপ্রসূ করার জন্য অভিভাবকগণের পক্ষ থেকে কিছু মতামত ও পরামর্শ এসেছে। এগুলোর মধ্যে প্রধান হচ্ছে স্কুলের পক্ষ থেকে নির্দিষ্ট সময় ও রুটিনে অনলাইনে লাইভ ক্লাস নেওয়া। শিক্ষার্থীরা লাইভ ক্লাস করতে না পারলে পরবর্তীতে যাতে ক্লাসটি দেখে নিতে পারে এজন্য ইউটিউবে দেওয়া ইত্যাদি। স্মার্ট ফোন সংকট এবং ছুটিতে গ্রামে যাওয়ার ফলে ইন্টারনেট নিয়ে সমস্যার কথাও অনেকে বলেছেন।

গত ৬ জুন আপনারা সকলের মতামত অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনায় রেখে আমাদের মাননীয় চেয়ারম্যান স্যার ও বিভিন্ন শাখার প্রধানগণের উপস্থিতিতে একটি দীর্ঘ আলোচনা ও মতবিনিময় সভা অনলাইনে অনুষ্ঠিত হয়। এতে বর্তমান অবস্থায় গৃহীত পদক্ষেপ সমূহ নিয়ে গভীরভাবে পর্যালোচনা ও বিশ্লেষণ করে নিম্নলিখিত সিদ্ধান্ত নেওয়া হয়:-

আগামী ১ জুলাই থেকে অনলাইনে নির্দিষ্ট রুটিনে ও সময়ে জুম অ্যাপ, হোয়াটসঅ্যাপ ও স্কুলের অনলাইন স্টুডেন্ট প্রোফাইল ব্যবহার করে এবং ইউটিউব এর মাধ্যমে ক্লাস নেওয়া হবে। প্রথম থেকে চতুর্থ শ্রেণিতে স্কুল আইডি এবং হোয়াটসঅ্যাপ, পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণিতে জুম অ্যাপ এবং হোয়াটসঅ্যাপে ক্লাস নেওয়া হবে। শিক্ষকগণ শিক্ষার্থীদের জন্য লাইভ ক্লাসের পাশাপাশি অডিও, ভিডিও এবং রেকর্ডেড ক্লাস সমূহ ইউটিউব এবং হোয়াটসঅ্যাপ-এ দেবেন। এতে লাইভ ক্লাসে অংশগ্রহণে কোনো শিক্ষার্থী ব্যর্থ হলে এই মাধ্যমগুলোতে দেখে নিতে পারবে। আশা করছি শিক্ষার্থীরা এতে আরো আগ্রহী এবং উপকৃত হবে। এ সকল পদক্ষেপে আপনারা সক্রিয় সহযোগিতা ও তদারকি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আগামী ১৪ জুন থেকে অনুষ্ঠিতব্য পরীক্ষার জন্য অভিভাবকদের প্রতি বিশেষ অনুরোধ ও নির্দেশনা:-

আগামী ১৪ জুন ২০২০ থেকে প্রথম-দশম শ্রেণির অর্ধবার্ষিক ও প্রাক নির্বাচনী পরীক্ষা শুরু হবে। অনলাইনে পরীক্ষা হওয়াতে আপনারা সংশ্লিষ্ট অত্যন্ত প্রয়োজন। পরীক্ষা শুরুর পূর্বে মোবাইল ফোনে পর্যাপ্ত চার্জ এবং পর্যাপ্ত মেগাবাইট/ইন্টারনেট ডাটা যেন থাকে তা নিশ্চিত করতে হবে। হোয়াটসঅ্যাপে প্রশ্ন পাওয়ার পর উত্তরপত্র আপলোড করা পর্যন্ত আপনি সন্তানের পাশে থেকে প্রয়োজনীয় সহযোগিতা করবেন। আপনার সন্তান যাতে সততার সঙ্গে পরীক্ষা দেয় তার দায়িত্ব সম্পূর্ণভাবেই আপনার।

আশা করি এই ক্রান্তিকালে আমাদের উভয় পক্ষের আন্তরিকতা ও সহযোগিতায় অত্র প্রতিষ্ঠানের অ্যাকাডেমিক কার্যক্রম সূষ্ঠু ও গতিশীল থাকবে।

ধন্যবাদান্তে

(মো: বেলায়েত হুসেন)

অধ্যক্ষ ও সদস্য সচিব,

বোর্ড অব গভর্নরস,

মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজ